গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) (ই/এস)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর:৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯- ৪৬

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ

১৭.০৬.২০২০ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু হয়। সভায় অংশগ্রহণকারীগণের তালিকা **'পরিশিষ্ট-ক'**-তে সংযুক্ত করা হলো।

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	
২.	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা;	২০১৯-২০২০ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। করোনা উদ্ভূত পরিস্থিতি সত্ত্বেও কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কাজ সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকা এবং আগামী বছরের কর্মপরিকল্পনা যথাসময়ে প্রণয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসি এল
৩.	উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন বিষয়ে টিমের সভা	সভায় উপস্থিত জনাব শান্তি মনি চাকমা, উপ প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন) ও "ডেঙ্গু প্রতিরোধকল্পে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের উদ্ভাবক জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্যোগটির বাস্তবায়ন কার্যক্রম চলছে। প্রকল্প এলাকায় জমে থাকা পানি অপসারণ, ডেঙ্গু মশা ও লার্ভা নিধনে টেমেফোস কেমিক্যাল ছিটানো এবং নিয়মিতভাবে প্রকল্পের সাইটসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে। মেইন লাইনের হার্ড বেরিয়ারের গর্তসমূহ বালি দ্বারা ভরাট করে দেয়া হচ্ছে যাতে সেখানে কোন পানি জমে থাকতে না পারে। এ কার্যক্রমে সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান লোকবল ও রাসায়নিক উপাদান সরবরাহ করে উদ্যোগটি বাস্তবায়নে সহযোগিতা করছেন। এ অর্থবছরে উদ্ভাবনী ফান্ড থেকে কোন অর্থ সহায়তার প্রয়োজন নেই।	উদ্যোগটি বাস্তবায়নে জনাব শান্তি মনি চাকমাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসিএল

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.	সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ আয়োজন	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি করার জন্য একদিনের কর্মশালা/সেমিনার ও দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। ইতোমধ্যেই ২৩.১২.২০১৯ ও ২৩.০১.২০২০ তারিখে দুইটি একদিনের প্রশিক্ষণ/কর্মশালা এবং গত ১১.০৩.২০২০ থেকে ১২.০৩.২০২০ তারিখে একটি দুইদিনের প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে। আগামী ২২.০৬.২০২০ ও ২৩.০৬.২০২০ তারিখে সেবাসহজীকরণে একটি দুইদিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	দুইদিনের প্রশিক্ষণটি সফলভাবে আয়োজন করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম ডিএমটিসিএল
৫.	উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর কার্যক্রম ৯.১: উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা হয়। ইনোভেশন অফিসার জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবগত করা হয়েছে। প্রশংসাপত্রের নমুনা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনুমোদন করেছেন। এ মাসেই উদ্ভাবকগণকে প্রশংসাসূচক সনদ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	জুন মাসের মধ্যেই উদ্ভাবকগণকে স্বীকৃতি প্রদান করতে হবে।	ইনোভেশন অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৬/২০২০

(মো: রাকিব উদ্দিন)
ফোকাল পার্সন, ইনোভেশন প্ল্যান
ও
প্রকল্প ব্যবস্থাপক (এসএন্ডটি)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]
ফোন: ০২-৪১০৩০৪৯৮
ইমেইল: mrakib_07@yahoo.com

স্মারক নম্বর:৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯-৪৬

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ সারওয়ার উদ্দীন খান, প্রকল্প ব্যবস্থাপক-২, ডিএমআরটিডিপি (লাইন-৬)
২. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬)
৩. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৪. জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৫. জনাব মোঃ উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
৬. জনাব শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (লাইন-৬)/(লাইন-১) [ই/এস]

২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

৩. অফিস কপি

২২/০৬/2020

(মো: রাকিব উদ্দিন)
ফোকাল পার্সন, ইনোভেশন প্ল্যান
ও
প্রকল্প ব্যবস্থাপক (এসএন্ডটি)
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]
ফোন: ০২-৪১০৩০৪৯৮
ইমেইল: mrakib_07@yahoo.com